

চেকলিস্ট

ফেলোশিপ আবেদনপত্রের সঙ্গে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবে –

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রের অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
- (খ) বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত কোর্স শুরু ও শেষের তারিখ, মেয়াদ এবং টিউশন ফি'র তথ্য সম্বলিত চূড়ান্ত অফার লেটার, যা পরবর্তীতে কোনক্রমেই পরিবর্তন/সংশোধনযোগ্য নয়। উল্লেখ্য, টিউশন ফি'র তথ্য বছর, সেশন ও সেমিস্টার ভিত্তিক থাকতে হবে। যদি কোন কারণে চূড়ান্ত অফার লেটারে তা' না থাকে, কোর্স শুরুর ৬(ছয়) মাসের মধ্যে তা' বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত হবে;
- (গ) সুপারভাইজার/তত্ত্বাবধায়কের (স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল সম্বলিত) প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাব ও গবেষণা পরিকল্পনা'র অনুলিপি। গবেষণা প্রস্তাবে; গবেষণার প্রাসঙ্গিকতা (context, relevancy), গুরুত্ব (significance), পূর্বের গবেষণা কর্মের সারমর্ম (literature review and cited reference), উদ্দেশ্যের; সুনির্দিষ্টতা, পরিমাপযোগ্যতা, অর্জনযোগ্যতা ও বর্তমান জ্ঞানের সাথে সম্পর্ক (objectives' specification, measurability, attainability, relationship with present state of knowledge), গবেষণার পদ্ধতি; গবেষণার উদ্দেশ্যের সাথে পদ্ধতির সামঞ্জস্যতা, সঠিকতা, সীমাবদ্ধতা (methodology; alignment with research objective, appropriateness, transparent, challenges, specificness and credibleness) সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- (ঘ) প্রস্তাবিত অধ্যয়ন/গবেষণা, আবেদনকারীর বর্তমান/সম্ভাব্য (বর্তমানে পেশাজীবী না হলে) পেশার সাথে কীভাবে সম্পৃক্ত ও তার পেশাগত উন্নয়নে কীভাবে ভূমিকা রাখবে/কীভাবে তার বর্তমান কর্মস্থলে প্রয়োগ করবে/দেশের উন্নয়নে কীভাবে ভূমিকা রাখবে তার বিস্তারিত বিবরণ;
- (ঙ) "অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/ অনুদান গ্রহণ করেন না" এ মর্মে প্রত্যয়ন;
- (চ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন পত্র;
- (ছ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্ট এর কপি;
- (জ) পাসপোর্ট সাইজের তিন কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
- (ঝ) IELTS (Academic)/TOEFL iBT/PTE Academic এর Valid স্কোর সংক্রান্ত সনদের সত্যায়িত কপি;
- (ঞ) প্রস্তাবিত গবেষণার বিষয়বস্তু জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উদ্ভাবনী কাজে বিশেষ অবদান রাখলে তার প্রমান পত্র;
- (ট) দেশি/বিদেশি জার্নালে ইংরেজিতে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করে থাকলে তার প্রমান পত্র;
- (ঠ) বিজ্ঞপ্তি/ আবেদন ফর্মে বর্ণিত নির্দেশাবলী অনুসরণে অন্যান্য কাগজ পত্রাদি।

বিবিধ:

- (ক) ফেলোশিপ সংক্রান্ত যে কোন বিষয়ে ফেলোশিপ নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) প্রযোজ্য হবে।
- (খ) অনলাইনে <https://grant.most.gov.bd/en/services/stft/stft-fellowship> -এই লিংকে আবেদন করতে হবে।
- (গ) আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট সাইটে (<https://support.most.gov.bd/en/login>) টিকিট তৈরি করুন অথবা নির্ধারিত নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন। এছাড়াও ফেলোশিপ সংক্রান্ত তথ্য জানতে ট্রাস্টের ওয়েবসাইটে উল্লিখিত নম্বরে যোগাযোগ করুন।